

বাংলাদেশ কৃষি ব্যাংক  
বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম

জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম এর  
“নৈতিকতা কমিটি”র সভার কার্যবিবরণী।

জাতীয় শুদ্ধাচার কৌশল এর আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রামে গঠিত নৈতিকতা কমিটির ২০২০-২০২১ অর্থবছরে ২য় সভা বিভাগীয় মহাব্যবস্থাপক (দায়িত্বে) জনাব মোহাম্মদ আবুল কাশেম এর সভাপতিত্বে ৩০.১২.২০২০ ইং বিকাল ৩.০০ ঘটিকায় অনুষ্ঠিত হয়। সভায় নিম্নোক্ত কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেনঃ

- (ক) জনাব মোঃ ইউনুচ, উপ-মহাব্যবস্থাপক(দায়িত্বে), বিকেবি, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম ও সদস্য  
(খ) জনাব মোঃ আবু জাহিদ, সহকারী প্রকৌশলী, বিকেবি, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম ও সদস্য  
(গ) জনাব শিরীন আক্তার, উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা

০২। ব্যক্তিগত, কর্মক্ষেত্র ও জাতীয় জীবনের বিভিন্ন পর্যায়ে শুদ্ধাচার চর্চার গুরুত্ব বিশদ বর্ণনার মাধ্যমে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, যে কোন প্রতিষ্ঠানের বাস্তব সফলতা অর্জনে শুদ্ধাচার চর্চার বিকল্প নেই। দক্ষতা ও জ্ঞান হলো সফলতার/উন্নয়নের অন্যতম শর্ত। তবে এর নেতিবাচক প্রয়োগ কখনোই কল্যান বয়ে আনতে পারে না। তাই, দক্ষতা ও জ্ঞানের সাথে কর্তব্যনিষ্ঠা, সততা, সম্যকবর্তিতা, আইনের প্রতি আনুগত্যতা তথা শুদ্ধাচারের যাবতীয় বিষয়ের সু-সমন্বয় প্রয়োজন। সুশাসন নিশ্চিতকরণে শুদ্ধাচার অনুশীলন একান্ত প্রয়োজন বলে সভাপতি মহোদয় অভিমত ব্যক্ত করেন। তিনি আরো বলেন, পরিবার, সমাজ, কর্মক্ষেত্র, রাষ্ট্র তথা জীবনের প্রতিটি অংশ থেকে ব্যক্তি শুদ্ধাচারের শিক্ষা অর্জন করে তা বাস্তবজীবনে প্রয়োগের মাধ্যমে দেশের সামগ্রিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম হয়। বর্তমানে রাষ্ট্রীয় বিভিন্ন খাতের পাশাপাশি ব্যাংকিং খাতেও নানামুখী দূর্নীতি পরিলক্ষিত হওয়ায় শুদ্ধাচার কৌশল প্রনয়ন ও বাস্তবায়নের সমন্বয়পযোগী পদক্ষেপ গ্রহণ অতীব জরুরি বলে সভায় উপস্থিত সকলে একমত পোষন করেন। ব্যাংক কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তিগত নৈতিকতা ও কর্তব্যনিষ্ঠার দ্বারা প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠার মাধ্যমে দূর্নীতিমুক্ত পরিবেশ সৃষ্টির লক্ষ্যে বিগত সভার সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা করা হয় যার বিবরণ নিম্নরূপঃ

০১) ব্যাংকের সকল কর্মকর্তা/কর্মচারী জীবনের সকল ক্ষেত্রে তথা বিকেবি'র কর্মপরিসরে শুদ্ধাচার চর্চার বিষয়ে সংশ্লিষ্ট কর্পোরেট শাখা ও মুখ্য আঞ্চলিক এবং আঞ্চলিক কার্যালয়সমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে।

০২) আর্থিক ব্যবস্থাপনা বা অন্য যে কোন বিষয়ে অনিয়ম পরিলক্ষিত হলে তা চিহ্নিতকরণের উপায় হিসেবে দৃষ্টিগোচর স্থানে অভিযোগ বাক্স অধিকাংশ শাখায় ও সকল কার্যালয়ে স্থাপন করা হয়েছে। যে সকল শাখায় এখনও অভিযোগ বাক্স স্থাপন করা হয়নি, সে সকল শাখাকে আগামী ১৫ দিনের মধ্যে অভিযোগ বাক্স স্থাপনের নির্দেশ প্রদান করতে হবে। (সংশ্লিষ্ট মুখ্য অঞ্চল/ অঞ্চল প্রধানের মাধ্যমে)

০৩) খেলাপি ঋণ সংস্কৃতি থেকে মুক্তিকল্পে ব্যাংকের খেলাপি ঋণ আদায়ে বিশেষ কর্মসূচি চলমান রাখতে হবে ও এ বিষয়ে কৌশলগত পরিকল্পনা বাস্তবায়ন জোরদার করতে হবে।

০৪) বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম এর মাধ্যমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে পর্যায়ক্রমে প্রতিটি শাখাকে ডিজিটাইজড করার বিষয়ে আঞ্চলিক ও প্রধান কার্যালয়ের সাথে যোগাযোগ রক্ষা এবং শাখা সমূহে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীরা আধুনিক প্রযুক্তি বিশেষ করে কম্পিউটার পরিচালনায় ভীতি/অনীহা দূর করে আন্তরিকতার সাথে স্বউদ্যোগে দক্ষ হতে সচেষ্ট হবেন। নির্ধারিত শাখাসমূহে জেনারেটর ও কম্পিউটার ও কম্পিউটার সামগ্রি সরবরাহের কার্যক্রম দ্রুত সম্পাদন করতে হবে।

০৫) সংশ্লিষ্ট সকলে সততার সাথে মানি লন্ডারিং রোধে সক্রিয় ভূমিকা পালন করবেন।

০৬) শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে অঞ্চল প্রধানগণ নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা বিকেবি, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম এর সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করবেন। এ বিষয়ে ফোকাল পয়েন্ট কর্মকর্তা, উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম কে আরও তৎপর হতে হবে।

০৭) নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে শাখা পরিদর্শন শতভাগ নিশ্চিত করতে হবে। (বিকাচ, সকল মুখ্য অঞ্চল, অঞ্চল ও কার্যালয়সমূহ)

০৮) প্রাতিষ্ঠানিক গনশুনানী বিষয়টি গুরুত্বসহকারে বিবেচনা করতে হবে।

০৯) কোভিড-১৯ মোকাবেলায় সরকার ঘোষিত প্রনোদনা প্যাকেজের বাস্তবায়ন সম্পর্কিত BKB, Loan Disbursement, Under Covid-19 Stimulus Package Portal লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের জন্য সচেষ্ট থাকতে হবে।

চলমান-০২

- ১০) প্রকাশ্যে ও গুণীজনদের উপস্থিতিতে ঋণ প্রদান কার্যক্রম সকল শাখা সমূহে জোড়দার করতে হবে।
- ১১) শাখাসমূহে **Computerization** প্রক্রিয়া জোড়দারকরনের মাধ্যমে গ্রাহক সেবার মান বৃদ্ধি করতে হবে।
- ১২) ক্রেডিট রিস্ক ম্যানেজমেন্ট গাইড লাইন-২০১৯ এর নির্দেশনা যথাযথভাবে পরিপালন করতে হবে।
- ১৩) পিপিএ-২০০৬ এর ধারা ১১(২) ও পিপি আর-২০০৮ এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০২০-২০২১ অর্থবছরের ক্রয় পরিকল্পনা করতে হবে।
- ১৪) কোভিড-১৯ বর্তমানে বিশ্বে সংক্রমণের প্রবণতা চলমান আছে। সকলস্তরে ব্যাংক কর্মীদের অত্যন্ত সচেতনতার সাথে স্ব-স্ব দায়িত্ব ও কর্তব্য পালনে অধিকতর তৎপর ও যত্নবান হতে হবে(বিকাচ সকল মুখ্য অঞ্চল, অঞ্চল, কার্যালয় সমূহ)।
- ১৫) শাখা পর্যায়ে সকল গ্রাহকদের সাথে সৌজন্যমূলক ও আন্তরিক মনোভাব পোষন করে ব্যাংকের দায়িত্ব পালন করতে হবে, যাতে ব্যাংকের ভাবমূর্তি আরও উজ্জ্বল হয়(বিকাচ সকল মুখ্য অঞ্চল, অঞ্চল, কার্যালয় সমূহ)।

১৬) বর্তমান ০৪ টি বিভাগীয় শৃঙ্খলা জনিত মোকদ্দমার তথ্য :

ক) মোকদ্দমা নম্বর ০১/২০১৯-২০, তারিখ ১০.১০.২০১৯ পত্র নং-১২৪২(১)। জনাব আকবর হোসেন, পরিদর্শক, বিকেবি, নজুমিয়াহাট শাখায় পরিদর্শকের দায়িত্বপালনকালে মৃত ব্যক্তির নামে ঋণ মঞ্জুরীর সুপারিশ করায় বিভাগীয় মোকদ্দমা রুজু করা হয়েছে। অত্র কার্যালয়ের ২২.১০.২০২০ তারিখের কর্মী সংক্রান্ত ঘোষণা নং-১৫৪৭ মূলে উক্ত মোকদ্দমাটির নিম্নরূপ রায় প্রদান করা হয়েছেঃ

(১) তাঁর ০১.০৭.২০২১ তারিখের বার্ষিক বেতন বর্ধন ০১(এক)বছরের জন্য স্থগিত রাখার আদেশ দেয়া হয়েছে। মোকদ্দমাটি নিষ্পন্ন।

খ) মোকদ্দমা নম্বর ০৩/২০১৯-২০, তারিখ ২০.১১.২০১৯ পত্র নং-২০১৬। জনাব কাজী বখতিয়ার উদ্দিন, কর্মকর্তা, বিকেবি, টি-বোর্ড শাখা (বর্তমানে বিকেবি, পাহাড়পুর বাজার শাখা হবিগঞ্জ সিলেট এ কর্মরত) তার ব্যক্তিগত নথিতে বিভ্রান্তিমূলক ও অসম্পূর্ণ তথ্য প্রদানসহ, কতব্যকর্মে অবহেলা, অসদাচরন ও প্রাণনাশের হুমকি প্রদর্শনের কারণে বিভাগীয় মোকদ্দমা রুজু করা হয়েছে। উক্ত মোকদ্দমা তদন্তের জন্য অত্র কার্যালয়ের ১৮.০৫.২০২০ তারিখের পত্র নং-৪২৮৪ মূলে জনাব মোহাম্মদ ইউনুচ, ব্যবস্থাপ(সমব্য), বিকেবি, কামালবাজার শাখাকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। তদন্ত রিপোর্ট পাওয়া গেছে। অত্র কার্যালয়ের ২২.১০.২০২০ তারিখের কর্মী সংক্রান্ত ঘোষণা নং-১৫৪৮ মূলে উক্ত মোকদ্দমাটি নিম্নরূপ রায় প্রদান করা হয়েছেঃ

(১) সংশ্লিষ্ট কর্মকর্তাকে ভবিষ্যতে কোন ধরনের অনিয়ম সংঘটনের বিষয়ে কঠোরভাবে সতর্ককরণ পূর্বক আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদানের আদেশ দেয়া হয়েছে। মোকদ্দমাটি নিষ্পন্ন।

গ) মোকদ্দমা নম্বর ০৪/২০১৯-২০, তারিখ ০১.১২.২০১৯ পত্র নং-২১৪৯। জনাব তাজুল ইসলাম, কর্মকর্তা, বিকেবি, গাছুয়া শাখা (বর্তমানে বিকেবি, আদমপুর শাখা কিশোরগঞ্জ এ কর্মরত) ইতোপূর্বে বিভিন্ন শাখায় মাঠকর্মকর্তার দায়িত্বপালনকালে একই ব্যক্তিকে একাধিক ঋণ প্রদান, আইওরশিদ এর মাধ্যমে আদায়কৃত টাকা যথাসময়ে ব্যাংকে জমা না করা, গ্রাহকের সাথে দুর্ব্যবহার, উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে অসদাচরনমূলক অপরাধ করায় বিভাগীয় মোকদ্দমা রুজু করা হয়েছে। তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। তদন্ত রিপোর্ট পাওয়া গেছে। রায় প্রদানের নিমিত্তে নথি প্রক্রিয়াধীন।

ঘ) মোকদ্দমা নম্বর ০১/২০২০-২০২১, তারিখ ২৫.১০.২০২০ পত্র নং-১৬২৭(৮)। জনাব এ,কে,এম শহিদুল ইসলাম(এস-৪৭৫৭) কর্মকর্তা, বিকেবি, লোহাগাড়া শাখা, পটিয়া ১২.১২.২০১৮ হতে ২৫.১০.২০২০ তারিখ পর্যন্ত কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিতি তথা পলাতক থাকায় এবং দায়িত্ব পালনে অবহেলা ও পলায়নমূলক অপরাধ সংঘটনের কারণে বিভাগীয় শৃঙ্খলাজনিত মোকদ্দমা রুজু করা হয়েছে। উক্ত মোকদ্দমা তদন্তের জন্য অত্র কার্যালয়ের ১৪.১২.২০২০ তারিখের পত্র নং-২২৫৮ মূলে জনাব মোহাম্মদ হাশেম, উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম(পশ্চিম) কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়েছে।


চলমান-০৩


## সিদ্ধান্ত :


ক) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২০-২০২১ এর আওতায় নির্ধারিত ছকে বিভাগীয় কার্যালয়ের কর্মপরিকল্পনা প্রনয়ন করতে হবে। ( কার্যকারণ : সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও উপস্থাপনকারী কর্মকর্তা বিকেবি, বিভাগীয় কার্যালয়)।


খ) সার্বিকভাবে অর্থ প্রবাহ বৃদ্ধির লক্ষ্যে ব্যাংকের সকলকে সদ্য চালুকৃত ০৬ টি ডিপোজিট স্কীমসহ সঞ্চয়ী ও চলতি হিসাব খুলে আমানত সংগ্রহ জোরদার করার বিষয়ে প্রধান কার্যালয়ের শুদ্ধাচার কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নে বিশেষ গুরুত্ব প্রদান করতে হবে।

সভাপতি মহোদয় সভায় গৃহীত উপরোক্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ এবং উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করেন।

  
(শিরীন আক্তার)  
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা  
বিকেবি,  
বিভাগীয় কার্যালয়,  
চট্টগ্রাম  
ও  
ফোকাল পয়েন্ট কর্মকর্তা

  
(মোঃ আবু জাহিদ)  
সহকারী প্রকৌশলী  
বিকেবি,  
বিভাগীয় কার্যালয়,  
চট্টগ্রাম  
ও  
সদস্য

  
(মোঃ ইউনুচ)  
উপ-মহাব্যবস্থাপক(দায়িত্বে)  
বিকেবি,  
বিভাগীয় কার্যালয়  
চট্টগ্রাম  
ও  
সদস্য


  
(মোহাম্মদ আবুল কাশেম)  
মহাব্যবস্থাপক (দায়িত্বে)  
বিকেবি, বিভাগীয় কার্যালয়,  
চট্টগ্রাম  
ও  
সভাপতি

সূত্র নং-বিকাচ(পরি)১১(২৬)/২০২০-২০২১/২৪৮৪

তারিখ : ৩০.১২.২০২০খ্রিঃ

## অবগতি ও কার্যকরনে অনুলিপি :-

- ১। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, আছাবাদ/চট্টগ্রাম কর্পোরেট শাখা, চট্টগ্রাম।
- ৩। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, চট্টগ্রাম বিভাগ।

  
(মোঃ ইউনুচ)  
উপ-মহাব্যবস্থাপক(দায়িত্বে)